**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২২ ডিসেম্বর ২০১৫, ৮ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গৃহকর্মীদের চাকরি সুরক্ষানীতি মন্ত্রিসভায় অনুমোদন

২। এলডিসির শুল্ক ও কোটামুক্ত বাজার সুবিধা নিশ্চিত
নাইরোবির ডব্লিউটিও বৈঠক সম্পর্কে বাণিজ্যমন্ত্রী

৩। বিশেষজ্ঞ চিকিৎসকের শূন্যতা পূরণে সরকার উদ্যোগ নিতে যাচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৪। বাংলাদেশে সংযুক্ত আরব আমিরাতের ভিসা সেন্টার চালু : বন্ধ ভিসা চালুর আশা পররাষ্ট্র প্রতিমন্ত্রীর

৫। বাংলাদেশিদের জন্য ওমরাহ ভিসা পুনরায় চালু

৬। রানা প্লাজা ধসের ঘটনায় সোহেল রানাসহ ৪১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ

৭। আসন্ন পৌর নির্বাচনে জমজমাট প্রচার-প্রচারণা: এগিয়ে দলীয় প্রার্থীরা

৮। বয়স্কদের সমস্যা সমাধানে চাই প্রবীণবান্ধব সমাজ : গোলটেবিল আলোচনায় বক্তারা

৯। দেশে কিডনি রোগে আক্রান্ত ১ কোটি ৮০ লাখ মানুষ : সচেতন হওয়ার পরামর্শ বিশেষজ্ঞদের

১০। একতাবদ্ধ হয়ে জঙ্গিদের নিশ্চিহ্ন করতে হবে : র‌্যাব মহাপরিচালক

১১। জঙ্গিবাদ দমনে জেলায় জেলায় পুলিশের বিশেষ ইউনিট

চলমান পাতা/২

**১। গৃহকর্মীদের চাকরি সুরক্ষানীতি মন্ত্রিসভায় অনুমোদন**

গৃহকর্মীদের সুরক্ষা ও কল্যাণে নীতিমালা অনুমোদন করেছে মন্ত্রিসভা। এতে গৃহকর্ম শ্রম হিসেবে স্বীকৃতি পাবে এবং স্ববেতনে চার মাসের মাতৃত্বকালীন ছুটি ছাড়াও অন্য ছুটি ভোগ করতে পারবেন গৃহকর্মীরা। বৈঠকে দশম জাতীয় সংসদের ২০১৬ সালের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতি ভাষণের খসড়া অনুমোদন করেছে। এছাড়া মন্ত্রিসভা বাংলাদেশে বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৫ ও বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন আইন-২০১৫'র খসড়ার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক আইন-২০১৫'র। গতকাল ২১ ডিসেম্বর সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়িমিত বৈঠক এই সকল অনুমোদন দেওয়া হয় বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতিত্ব করেন। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫),

**২। এলডিসির শুল্ক ও কোটামুক্ত বাজার সুবিধা নিশ্চিত**
**নাইরোবির ডব্লিউটিও বৈঠক সর্ম্পকে বাণিজ্যমন্ত্রী**

বিশ্ব বাণিজ্য সংস্থার দশম মিনিস্ট্রিয়াল বৈঠকে স্বচ্ছরুলস অব অরিজিন প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই সিদ্ধান্ত বাস্তবায়ন হলে শুল্ক ও কোটামুক্ত বাজার সুবিধা সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারবে স্বল্পোন্নত দেশগুলো। এর ফলে পণ্য রফতানিতে ৭৫ শতাংশ আউটসোর্সিং সুবিধা পাবে বাংলাদেশ। এ ছাড়া সেবা খাতে বাণিজ্য বৃদ্ধিতে অগ্রাধিকারমূলক বাজার সুবিধা পাবে। বিশ্ব বাণিজ্য সংস্থার নাইরোবিব ঘোষণায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে এলডিসির বেশিরভাগ দেশের দাবি পূরণ হয়েছে বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২১ ডিসেম্বর সোমবার সচিবালয়ে নাইরোবিতে অনুষ্ঠিত ১৫-১৮ ডিসেম্বর ডব্লিউটিওর মিনিস্ট্রিয়াল বৈঠকের অর্জন নিয়ে এই সংবাদ সম্মেলনের আয়োজন করে বাণিজ্য মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষপৃ,ক.২), **ইত্তেফাক** (শেষপৃ,ক.১), **ফিনানসিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **নিউনেশন** (শেষপৃ,ক.৬),

**৩। বিশেষজ্ঞ চিকিৎসকের শূন্যতা পূরণে সরকার উদ্যোগ নিতে যাচ্ছে: স্বাস্থ্যমন্ত্রী**

দেশে অ্যানেস্থেশিস্ট ও বিশেষজ্ঞ চিকিৎসকের শূন্যতা পূরণে সরকার উদ্যোগ নিতে যাচ্ছে। এ ক্ষেত্রে সরকারি হাসপাতালে অপারেশন নির্বিঘ্ন রাখতে অ্যানেস্থেশিস্ট সঙ্কট দূর করতে সংশ্লিষ্ট বি ষয়ে শিক্ষায় উদ্বুদ্ধ করতে বিশেষ প্রণোদনার প্রবর্তন করার চিন্তা করছে সরকার। দেশের চাহিদার সাথে সঙ্গতি রেখে বিশেষজ্ঞ চিকিৎসকের সংখ্যা কিভাবে বাড়ানো যায় তা নিয়েও বিশেষ উদ্যোগ নিতে চায় সরকার। সচিবালয়ে গতকাল ২১ডিসেম্বর সোমবার স্বাস্থ্য, শিক্ষা ও চিকিৎসা সেবার মানোন্নয়ন সম্পর্কিত এক সভায় সরকারের এই উদ্যোগের কথা জানানো হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** ( পৃ.১৬,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৭),

**৪ । বাংলাদেশে সংযুক্ত আরব আমিরাতের ভিসা সেন্টার চালু**
**বন্ধ ভিসা চালুর আশা পররাষ্ট্র প্রতিমন্ত্রীর**

বাংলাদেশে ভিসা সেন্টার চালু করেছে সংযুক্ত আরব আমিরাত। গতকাল ২১ ডিসেম্বর সোমবার গুলশানে ভিসা সেন্টারের উদ্বোধন করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। ভিসা সেন্টারের উদ্বোধন অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী ব লেন, এই আধুনিক ভিসা কেন্দ্র ইউএই'তে বাংলাদেশি কর্মীদের জন্য বন্ধ থাকা ভিসা উন্মুক্ত করতে সুযোগ তৈরি করবে। বিশেষ করে দেশটিতে বাংলাদেশি ডাক্তার, ইঞ্জিনিয়ার, নার্স, আইটি পেশাজীবী, হিসাবরক্ষকসহ দক্ষ ও অদক্ষ কর্মীদের কাজের সুযোগ বাড়বে বলে আমরা আশা করি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ইনকিলাব** (শেষপৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষপৃ.,ক.২),

**৫। বাংলাদেশিদের জন্য ওমরাহ ভিসা পুনরায় চালু**

নয় মাস বন্ধ থাকার পর বাংলাদেশিদের জন্য ওমরাহ ভিসার ওপর নিষেধাজ্ঞা তুলে নিয়েছে সৌদি সরকার। গতকাল ২১ ডিসেম্বর সোমবার রয়েল এম্ব্যাসি অব সৌদি আরব এক চিঠিতে বাংলাদেশের ধর্ম মন্ত্রণালয়কে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (শেষপৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮),**ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৭),

**৬। রানা প্লাজা ধসের ঘটনায় সোহেল রানাসহ ৪১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ**

সাভারের রানা প্লাজা ধসের ঘটনায় দায়ের হওয়া হত্যা মামলায় ভবনটির মালিক সোহেল রানাসহ ৪১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ করেছেন আদালত। এ মামলায় সরকারি তিন কর্মকর্তাসহ এ মামলায় পলাতক থাকা মোট ২৪ জনের মালামাল জব্দ করার নির্দেশ দিয়েছেন ঢাকার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. আল আমিন । গতকাল ২১ ডিসেম্বর সোমবার স্বপ্রণোদিত হয়ে আদালত এসব নির্দেশনা জারি করেন। একই সঙ্গে আসামিদের বিরুদ্ধে আগে জারি করা গ্রেপ্তারি পরোয়ানা তামিল করে আগামী ২৭ জানুয়ারি ২০১৬ প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ,১ক.৩), **ইত্তেফাক** (শেষপৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষপৃ,ক.১), **নিউজএজ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। আসন্ন পৌর নির্বাচনে জমজমাট প্রচার-প্রচারণা: এগিয়ে দলীয় প্রার্থীরা**

প্রবল শীত ও ঘন কুয়াশাকে উপেক্ষা করে জমজমাট হয়ে উঠেছে পৌর নির্বাচনের প্রচার-প্রচারণা। ভোর থেকে গভীর রাত পর্যন্ত দলবল নিয়ে ভোটারদের কাছে যাচ্ছেন প্রার্থীরা। ভোটারদের দিচ্ছেন নানা প্রতিশ্রুতি। প্রতিটি নির্বাচনী এলাকাই ছেয়ে গেছে ব্যানার-ফেস্টুনে। তবে দলীয় প্রার্থীরা ভোটের প্রচারে অনেকাংশে এগিয়ে বলে জানা গেছে। এদিকে নির্বাচন কমিশন সচিব সিরাজুল ইসলাম জানিয়েছেন, প্রচারে প্রার্থীরা মাঠে নামলেও তাদেরকে বিধিনিষেধ মেনে প্রচার করতে হবে। প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ বলেছেন, ভোট নির্বিঘ্নে হবে। সূত্র-**ভোরের কাগজ, ইত্তেফাক, সমকাল, যায়যায়দিন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। বয়স্কদের সমস্যা সমাধানে চাই প্রবীণবান্ধব সমাজ : গোলটেবিল আলোচনায় বক্তারা**

মানুষের গড় আয়ু বাড়ছে। সেইসঙ্গে প্রবীণ জনগোষ্ঠীর সংখ্যাও বাড়ছে। বর্তমানে দেশে প্রবীণ জনগোষ্ঠীর সংখ্যা এক কোটি ৩০ লাখ। কিন্তু এই বিপুল সংখ্যক জনগোষ্ঠীর স্বাস্থ্য , আবাসন পরিবহণ ক্ষেত্রে কোন সুযোগ-সুবিধা নেই। এ বিষয়ে গতকাল ২১ ডিসেম্বর সোমবার সিরডাপ মিলনায়তনে 'জাতীয় প্রবীণ নীতিমালা -২০১৩ বাস্তবায়ন' শীর্ষক গোলটেবিল বৈঠকে বক্তারা এসব কথা বলেন। জাতিসংঘের জনসংখ্যা তহবিল ইউএনএফপিএ'র সহায়তায় গোলটেবিল বৈঠকের আয়োজন করে প্রবীণদের নিয়ে কাজ করে এমন বিভিন্ন সংস্থার নেটওয়ার্কিং সংস্থা ফো রাম ফর দ্যা রাইটস অব দ্যা এল্ডারলি বাংলাদেশ সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.২),

**৯। দেশে কিডনি রোগে আক্রান্ত ১ কোটি ৮০ লাখ মানুষ : সচেতন হওয়ার পরামর্শ বিশেষজ্ঞদের**

বাংলাদেশের ১ কোটি ৮০ লাখ মানুষ বিভিন্ন ধরনের কিডনি রোগে আক্রান্ত। এছাড়া ৪০ হাজার মানুষ প্রতিবছর এই রোগে মারা যায়। এ রোগের চিকিৎসা ব্যয়বহুল হওয়ার কারণে মাত্র ১০ ভাগ রোগী চিকিৎসার ব্যয় বহন করতে পারে। একটি গবেষণা তথ্য তুলে ধরে জানানো হয় , ৭৫ ভাগ রোগী যারা তিন মাস ডায়ালাইসিস করার পরেই অর্থের অভাবে তা বন্ধ করে দেয়। গতকাল ২১ ডিসেম্বর সোমবার কিডনি ফাউন্ডেশনের বার্ষিক সম্মেলন ও বৈজ্ঞানিক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **নিউএজ** (পৃ.৩,ক.২),

**১০। একতাবদ্ধ হয়ে জঙ্গিদের নিশ্চিহ্ন করতে হবে : র‌্যাব মহাপরিচালক**

র‌্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ বলেছেন, ৭১-এর চেতনায় ক্ষুধা দারিদ্র্যমুক্ত দেশ গড়তে জঙ্গিবাদ, মৌলবাদ একমাত্র শত্রু। সবাই মিলে একতাবদ্ধ হয়ে জঙ্গিবাদ নিশ্চিহ্ন করতে হবে।ঐক্যের মাধমে শান্তি, মানবাধিকার গণতন্ত্রের বাংলাদেশ গড়া সম্ভব। গতকাল ২১ ডিসেম্বর সোমবার সকালে দিনাজপুরের ঐতিহ্যবাহী কান্তজিউ মন্দিরের পাশে র‌্যাব-১৩ আয়োজিত অপরাধ প্রতিরোধ সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ভোরের কাগজ** (শেষপৃ,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১৩,ক.৫),

**১১। জঙ্গিবাদ দমনে জেলায় জেলায় পুলিশের বিশেষ ইউনিট**

জঙ্গিবাদ দমনে মাঠে নেমেছে পুলিশের বিশেষ ইউনিট। দেশের ৬৪টি জেলায় এই ইউনিট গঠন করা হয়েছে। জেলা পুলিশ ও গোয়েন্দা সংস্থার সমন্বয়ে এই টিম কাজ করছে। পুলিশ হেডকোয়ার্টার্সের বিশেষ টিম জেলা টিমগুলোকে তদারকি করছে। নবগঠিত এই বিশেষ ইউনিটের সদস্যরা দেশব্যাপী বিভিন্ন জঙ্গি সদস্যদের ডাটাবেজ তৈরির পাশাপাশি তাদের কার্মকান্ডের ওপর নজরদারি শুরু করেছে।

সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), ইত্তেফাক শেষপৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৮),

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সমকাল :** বৈশ্বিক মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের উন্নতির সুসংবাদ তুলে ধরে কর্মসংস্থান বৃদ্ধি ও কাজের গুণগতমান উন্নত করার জন্য উৎপাদনশীল খাতে বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ

খ. **ইত্তেফাক, প্রথম আলো, সমকাল :** বাংলাদেশের কলসিন্দুরের কিশোরী মেয়েরা এশিয়ান ফুটবল কনফেডারেশন অনূর্ধ্ব-১৪ মহিলা ফুটবলে জয়ী হওয়ায় অভিনন্দন জানিয়ে এসাফল্য থেকে সবাই সমাজে নারীর মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করায় আরও প্রতিজ্ঞাবদ্ধ হবেন বলে অভিমত প্রকাশ

গ. **সংবাদ** : পটুয়াখালীর কলাপাড়া উপজেলার আলীপুর গ্রামে দুটি হিন্দু পরিবারের সম্পত্তি স্থানীয় প্রভাবশালী কর্তৃক দখলের চিত্র তুলে ধরে সরকারকে সারাদেশের দখলবাজদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ

ঘ. **জনকণ্ঠ :** অতিরিক্ত ওষুধ সেবনের মৃত্যু ঝুঁকি আমাদের দেশেও প্রবল বলে উল্লেখ করে এ ব্যাপারে যুক্তরাষ্ট্রেরএফডিএ- এর আদলে একটি প্রতিষ্ঠান গড়ে তোলা জরুরী বলে অভিমত

ঙ. **যুগান্তর, ভোরের কাগজ :** বিবিএসের প্রতিবেদনে বাংলাদেশের মানুষের গড় আয়ু বাড়ার পরিপ্রেক্ষিতে এ প্রতিবেদন থেকে পথ নির্দেশনা নিয়ে সংশ্লিষ্টদের করণীয় নির্ধারণ করার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** খুলনা শহরের লোকদের জন্য ১১০ মিলিয়ন লিটার নিরাপদ পানি সরবরাহের প্রজেক্টের মতো প্রজেক্ট অন্যান্য পানি সমস্যায় জর্জরিত এলাকায় স্থাপনের পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** গুলিস্তান এলাকার ফুটপাত থেকে হকার উচ্ছেদে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়রের উদ্যোগের সফলতার প্রত্যাশা

জ. **ডেইলি সান :** যমুনা, ব্রক্ষ্মপুত্র ও তিস্তা নদীগুলো শুকিয়ে মরে যাওয়ার হাত থেকে সুরক্ষায় নিয়মিত ড্রেজিংয়ের প্রত্যাশা ব্যক্ত

ঝ. **ফিনানসিয়াল :** গার্মেন্টের মতো আইসিটি ও ওষুধ শিল্পখাতের দেশের রপ্তানি আয় বৃদ্ধিতে ব্যাপক সম্ভাবনা থাকায় এ দুটি খাতের আরও উন্নয়ন কর্তৃপক্ষকে সচেষ্ট হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ পত্রিকায়** প্রকাশিত কলামে বাংলাদেশের নতুন প্রজন্ম ডিজিটাল মুক্তিযোদ্ধা হলে দেশের মেধার জয় হবে আর তখনই বুদ্ধিজীবী শহিদদের প্রতি প্রকৃত শ্রদ্ধা জানাতে পারব বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত ’ ব্রক্ষ্মপুত্রের জন্য আরেকটি অশনিসংকেত, শিরোনামের নিবন্ধে শেখ রোকন প্রাকৃতিক কারণে যদি ব্রক্ষ্মপুত্র নদও মরে যেতে থাকে তাহলে দেশের পরিস্থিতি কী দাঁড়াবে চিন্তা করাও দুঃসাহসিক মনে হয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা